# রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী উন্নীতকরণ, অসম

## রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী উন্নীতকরণ আবেদনপত্র পূরণ করার সহজ উপায়

আবেদনপত্র পূরণ করার জন্য নাগরিকদের সুবিধার্থে আবেদনপত্রে সন্নিবিষ্ট নির্দেশনাবলী ছাড়াও নিম্নলিখিত অতিরিক্ত নির্দেশনাগুলো জারী করা হল।

*সাধারণতঃ সব সদস্যদের তথ্য সন্নিবিষ্ট করে পরিবারের মুরব্বীকে রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীতে নাম অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্র দাখিল করতে হবে। অনাথ আশ্রম, বৃদ্ধাবাস, মানসিক চিকিৎসালয় আদি প্রতিষ্ঠানিক গৃহের ক্ষেত্রে আবাসীকদের প্রয়োজনীয় তথ্য দাখিল করার দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মুরব্বীর। সম্পূর্ণভাবেপূরণ করা আবেদনপত্র নাগরিকদের বর্তমানের ঠিকানার এলাকা সন্নিবিষ্ট করে স্থাপিত মনোনীত এন আর সি সেবা কেন্দ্রে (NSK) বা অনলাইনে (www.nrcassam.nic.in) জমা দিতে হবে।*

### 'A' পৃষ্ঠা পূরণ করাব সহজ উপায়

**সদস্যের ক্রমিক নং ঃ** ক্রমিক নম্বরটি পরিবারের মূৰব্বী থেকে "1" দিয়ে শুরু হবে। প্রথম '**A**' পৃষ্ঠায় লেখা সদস্যের ক্রমিক নম্বরের এই ক্রম আবেদনপত্রের **A, B, C, D -** এই চারটি পৃষ্ঠায় মেনে চলতে হবে।

**আবেদনপত্রের 1a, 2a, 2b, 2c, 3a, 4a, 4b এবং 4c প্রশ্নের বিপরীতে তথ্য পূরণের জন্য আবশ্যকীয় নির্দেশনা এবং কোডগুলো 'A' পৃষ্ঠার নীচে দেওয়া আছে।** 2a, 4b এবং 4c প্রশ্নের উত্তর হিসেবে যদি আবেদনকারী 'অন্যান্য' বাচনি করে, তাহলে প্রযোজ্য কোড এবং 'অন্যান্য'এর ব্যাখ্যা দিতে হবে।

**প্রশ্ন.2a মুরব্বীর সংগে সম্বন্ধ ঃ** পরিবারের মুরব্বীর সংগে প্রতিজন সদস্যের সম্বন্ধের বিষয়ে উল্লেখ করতে **A**-পৃষ্ঠার নীচে প্রশ্ন.**2a**[2a] বিপরীতে উল্লেখিত **1**থেকে **11** নম্বরের কোডগুলো থেকে সঠিক কোডটি নির্বাচন করতে হবে। উদাহরণস্বরূপে, ক্রমিক নম্বর **1** এর সদস্য যখন পরিবারের মূরব্বী হিসাবে আবেদন জানাবে, পরিবারের মুরব্বীর সংগে সম্বন্ধ বোঝাতে নির্দিষ্ট স্থানে "মূরব্বী" সূচক কোড '**1**' উল্লেখ করতে হবে। অন্য সদস্যদের ক্ষেত্রে পরিবারের মূরব্বীর সংগে থাকা সম্বন্ধ অনুযায়ী প্রশ্ন.**2a**[2a] এ উল্লেখিত তালিকা থেকে প্রযোজ্য কোডটির উল্লেখ করতে হবে। উদাহরণস্বরূপে, যদি পরিবারের মূরব্বীর পুত্রের সদস্য ক্রমিক নম্বর **3**, তাহলে পুত্রটির ক্ষেত্রে মূরব্বীর সংগে তার সম্বন্ধ বোঝাতে নির্দিষ্ট স্থানে পিতৃ/মাতৃ সূচক কোড **5** লিখতে হবে। *পরিবারের সংগে বাস করা দূর সম্পর্কের আত্মীয়, ঘরের কাজে সাহায্য করার লোকদের তাদের নিজের মুল পরিবারের সংগে আবেদন করতে হবে।*

**প্রশ্ন.3aঃ জন্মের তারিখ** এবং **প্রশ্ন.3bঃ বয়স (1 এপ্রিল 2015 তারিখ পর্যন্ত ঘোষণা অনুযায়ী) ঃ** জন্মের তারিখটি ইংরেজী কেলেণ্ডার অনুযায়ী **DD/MM/YYYY** এভাবে লিখতে হবে। উদাহরণস্বরূপে, যদি কোন ব্যক্তির **1988** সনের জানুয়ারীর **22** তারিখে জন্ম হয়েছিল, তাহলে তার জন্মের তারিখটি **22-01-1988** এভাবে লিখতে হবে। যদি কোন ব্যক্তির জন্মের তারিখটি সঠিকভাবে মনে নেই, তাহলে, তাদেরকে এই স্তম্ভটি খালী রেখে **প্রশ্ন.3'b'**তে **01-04-2015** তারিখে আনুমানিক বয়স **বছরের হিসেবে** উল্লেখ করতে হবে।

**প্রশ্ন.5ঃ পিতৃ, মাতৃ এবং স্বামী বা পত্নী (যদি বিবাহিত)র নাম ঃ** পিতৃ, মাতৃ এবং স্বামী বা পত্নী (যদি বিবাহিত)র নাম সম্পূর্ণভাবে উল্লেখ করতে হবে। অথবা, তারা যদি পরিবারের সদস্য/সদস্যা হয় তাহলে ক্রমিক নম্বরের স্তম্ভটিতে পিতৃ, মাতৃ এবং স্বামী বা পত্নীর নামের বিপরীতে উল্লেখ করা মত সংশ্লিষ্ট সদস্যের ক্রমিক নম্বরটি উল্লেখ করতে হবে। ধরা যাক, পরিবারের মূরব্বীর সদস্যের ক্রমিক নম্বর **1** এবং তার স্বামী বা পত্নীর সদস্য ক্রমিক নম্বর **2** এবং তাদের পুত্রের সদস্য ক্রমিক নম্বর **3**, তাহলে পুত্রকে (সদস্য ক্রমিক নম্বর **3**) পিতৃ এবং মাতৃর সম্পূর্ণ নাম লেখার স্থানে পিতৃর নামের পরিবর্তে মাত্র ক্রমিক নম্বর **1** এবং মাতৃর নামের পরিবর্তে ক্রমিক নং 2 লিখলেই হবে।

### 'B' পৃষ্ঠা পূরণ করার সহজ উপায়

**সাদা পৃষ্ঠভূমিতে তোলা সর্বশেষ রঙীন ফটোগ্রাফ আঠা দিয়ে লাগাতে হবে ঃ** ফটোটি মুখমণ্ডলের সম্পূর্ণ সম্মুখ অবস্থান থেকে তুলতে হবে এবং সমগ্র ফ্রেমের 80 শতাংশ (৮০%) মুখমণ্ডলদ্বারা আবৃত হতে হবে। চোখ খোলা অবস্থায় থাকতে হবে এবং নির্দিষ্ট স্থানে সমান এবং স্পষ্টভাবে দেখতে পাওয়া হতে হবে। ফটোটি রঙীন এবং 2.5 সে.মি. X 2.5 সে.মি. আকারের হতে হবে। ফটোটি মাথার উপরের অংশ থেকে থুঁতনির তল পর্যন্ত স্পষ্ট থাকতে হবে এবং ফ্রেমের মধ্যিখানে থাকতে হবে। পেছনে বা মুখমণ্ডলে কোন ধরণের বিভ্রান্তিকর ছায়া থাকলে হবে না। ধর্ম্মীয় কারণ ছাড়া কোন কারণে মাথার অংশ ঢেকে রেখে তোলা ফটো গ্রাহ্য হবে না; ধর্ম্মীয় শিথিলতা সাপেক্ষে তোলা ফটোগ্রাফের ক্ষেত্রে থুঁতনির নীচ থেকে কপালের ওপর পর্যন্ত এবং মুখমণ্ডলের দুদিক স্পষ্ট দেখতে পাওয়া হতে হবে। মুখমণ্ডলে স্বাভাবিক ভংগিমা ফুটে উঠতে হবে। ফটোটি ভালগুণ বিশিষ্ট আঠা ব্যবহার করে যথোচিতভাবে লাগাতে হবে। কখনই ষ্টেপলার বা পিন ব্যবহার করবেন না।

### 'C' পৃষ্ঠা পূরণ করার সহজ উপায়

***আবেদনকারী NRC তে নাম অন্তর্ভুক্তির জন্য কিভাবে যোগ্যতা প্রতিপন্ন করবে সেই বিষয়ে আবেদনপত্রের 'C' পৃষ্ঠায় উল্লেখ করতে হবে। প্রশ্ন.9 বা প্রশ্ন.10 বা প্রশ্ন.11এর যে কোন একটির উত্তর দিলেই পর্যাপ্ত হবে। অবশ্য, প্রশ্ন.9, প্রশ্ন.10 বা প্রশ্ন.11এ একটার চেয়ে বেশী প্রশ্নের উত্তরও দেওয়া যেতে পরে।***

***প্রশ্ন.9 - 1951 সনের NRC তে যাদের সবিশেষ তথ্য আছে তাদের জন্য প্রযোজ্য; প্রশ্ন.10 - 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকায় যাদের সবিশেষ তথ্য আছে তাদের জন্য প্রযোজ্য এবং প্রশ্ন.11- সেসব ব্যক্তির জন্য প্রযোজ্য যার সংগে আবেদনপত্রের 'C' পৃষ্ঠার নীচে থাকা 'A' তালিকাভুক্ত অন্যান্য নথিগুলোর সবিশেষ তথ্য আছে।***

**প্রশ্ন.9a, প্রশ্ন.10a এবং প্রশ্ন.11a - যার সংগে সম্বন্ধ দাবী করা হয়েছে সেই ব্যক্তির নাম ঃ**

**প্রশ্ন.9a** এর উত্তরে **1951** সনের **NRC** তে নাম থাকা ব্যক্তির, যেমন - আবেদনকারীর নিজের বা পিতৃ-মাতৃর বা পূর্বপুরুষের নাম লিখতে হবে, **অথবা**

**প্রশ্ন.10a** এর উত্তরে **1971** সনের **24** মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকা ব্যক্তির, যেমন - আবেদনকারীর নিজের বা পিতৃ-মাতৃর বা পূর্বপুরুষের নাম লিখতে হবে, **অথবা**

**প্রশ্ন.11a** এর উত্তরে আবেদনপত্রের '**C**' পৃষ্ঠার নীচের দিকে থাকা '**A**' তালিকাভুক্ত (ব্যাখ্যামূলক নথি) নথিসমূহের ক্রমিক নং **3** থেকে **16** পর্যন্ত উল্লেখিত যে কোন নথিতে নাম থাকা ব্যক্তির, যেমন - আবেদনকারীর নিজের বা পিতৃ-মাতৃর বা পূর্বপুরুষের নাম লিখতে হবে।

**প্রশ্ন.9b ঃ 1951সনের NRC লিগেসি ডাটা কোড, এবং প্রশ্ন.10b ঃ 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্তপ্রকাশিত ভোটার তালিকার লিগেসি ডাটা কোড ঃ**

**প্রশ্ন.9b 1951**সনের **NRC**তে নাম অন্তর্ভুক্ত থাকা ব্যক্তির সংগে সম্পর্কের যোগসূত্র দাবী করা ব্যক্তির জন্য প্রযোজ্য। **প্রশ্ন.9a** স্তম্ভে উল্লেখিত ব্যক্তির

*অপর পৃষ্ঠায় দেখুন*

বিপরীতে পাওয়া **11** টি সংখ্যার লিগেসি ডাটা কোডটি প্রশ্ন.**9b** স্তম্ভের নির্দিষ্ট স্থানে **XXX-XXXX-XXXX** এভাবে বসাতে হবে।

**প্রশ্ন.10b 1971** সনের **24** মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকা ব্যক্তির সংগে থাকা সম্পর্কের যোগসূত্র দাবী করা ব্যক্তিদের জন্য প্রযোজ্য। **প্রশ্ন.10a** স্তম্ভে উল্লেখ করা ব্যক্তির বিপরীতে পাওয়া **11** টি সংখ্যার লিগেসি ডাটা কোডটি প্রশ্ন.**10b** স্তম্ভের নির্দিষ্ট স্থানে **XXX-XXXX-XXXX** এভাবে বসাতে হবে।

*লিগেসি ডাটা কোডগুলো **1951** সনের **NRC** এবং **1971** সনের **24** মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকায় উল্লেখ থাকা প্রতিটি নামের বিপরীতে **NRC** সেবা কেন্দ্রসমূহে (**NSK**) বা **NRC**, অসমের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে প্রদান করা হবে; **NRC** সেবা কেন্দ্রগুলো থেকে বা অনলাইনযোগে ডাউনলোড করা লিগেসি ডাটা স্লিপগুলো আবেদনপত্রের সংগে সংলগ্ন করতে হবে।*

**প্রশ্ন.11b ঃ ‘A’ তালিকাভুক্ত উপযুক্ত নথির ক্রমিক নং (ক্রমিক নং 3 থেকে 16 পর্যন্ত)ঃ** ‘**A**’ তালিকাভুক্ত (ক্রমিক নং **3** থেকে **16** পর্যন্ত) নথিগুলোর মধ্যে যে নথিতে প্রশ্ন.**11a**তে উল্লেখিত ব্যক্তির নাম আছে, উক্ত নথির ক্রমিক নম্বর নির্দ্দিষ্ট স্থানে লিখতে হবে। **অনুগ্রহ করে মনে রাখবেন যে ক্রমিক নম্বর 15 এবং ক্রমিক নম্বর 16য় উল্লেখ করা নথিগুলো তখনই গ্রহণযোগ্য হবে যখন উক্ত নথিগুলোর সংগে ক্রমিক নম্বর 1থেকে 14পর্যন্ত উল্লেখিত নথিগুলোর যে কোন একটি নথি সংযুক্ত হবে।** উল্লেখযোগ্য যে আবেদনপত্রের সংগে এই নথিগুলোর স্ব-প্রত্যায়িত প্রতিলিপিগুলো গেথে দিতে হবে এবং মূল নথিপত্রগুলো ক্ষেত্রভিত্তিক পরীক্ষণের সময় কর্তৃপক্ষকে দেখাতে হবে।

**প্রশ্ন.9c, প্রশ্ন.10c এবং প্রশ্ন.11c - ব্যক্তির সংগে সম্বন্ধ ঃ** আবেদনকারী প্রশ্ন.**9a**, প্রশ্ন.**10a** এবং প্রশ্ন.**11a**তে উল্লেখ করা ব্যক্তি অর্থাৎ যার সংগে সর্ম্পকের যোগসূত্র দাবী করা হয়েছে সেই ব্যক্তির সংগে তার সর্ম্পকের বিষয়ে উল্লেখ করতে হবে। সদস্যগণ সম্পর্কের যোগসূত্র দাবী করা বক্তির সংগে থাকা সম্পর্ক বোঝাতে ‘**A**’ পৃষ্ঠার নীচে থাকা প্রশ্ন.**2a**[2a]তে উল্লেখিত পরিবারের মুরব্বীর সংগে সদস্যদের সর্ম্পক সূচক কোডগুলো ব্যবহার করতে হবে। উদাহরণস্বরূপে, যদি প্রশ্ন.**9a** বা প্রশ্ন.**10a** বা প্রশ্ন.**11a** এর উত্তরের বিপরীতে উল্লেখিত ব্যক্তি পরিবারের সদস্যের পিতৃ-মাতৃ / পিতামহ-মাতামহ / প্রপিতামহ-প্রমাতামহ হয়, তাহলে আবেদনপত্রের ‘**A**’ পৃষ্ঠার নীচে দেওয়া প্রশ্ন.**2a**[2a]র তালিকা থেকে উপযুক্ত সম্বন্ধটি বেছে প্রশ্ন.**9c** বা প্রশ্ন.**10c** বা প্রশ্ন.**11c**র উত্তরের জন্য আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেই সম্বন্ধটি অক্ষরে এবং সম্বন্ধের বিপরীতে দেওয়া কোডটির উল্লেখ করবেন। যদি প্রশ্ন **9a** বা প্রশ্ন **10a** বা প্রশ্ন **11a**এর উত্তরের বিপরীতে উল্লেখিত ব্যক্তি, সদস্য নিজেই হন, তাহলে সেই সদস্যকে “ব্যক্তির সংগে সম্পর্ক” শীর্ষক প্রশ্নর উত্তরে অক্ষরে ‘স্বয়ং’ এবং কোডে ‘**1**’ লিখতে হবে। পিতামহ/মাতামহের সংগে সম্পর্কের যোগসূত্র থাকা বলে দাবী করলে দুটো নথি দাখিল করতে হবে। উদাহরণস্বরূপে, যদি ‘**X**’ নামের আবেদনকারীর পিতামহ ‘**Z**’এর সংগে সম্পর্কের যোগসূত্র দাবী করে, তাহলে ‘**X**’ আবেদনকারীকে প্রথম নথির মাধ্যমে তার পিতৃ ‘**Y**’এর সংগে সম্পর্কের যোগসূত্র প্রমাণ করতে হবে। দ্বিতীয় নথির মাধ্যমে প্রমাণিত হতে হবে যে ‘**Z**’, ‘**Y**’এর পিতৃ এবং তাই ‘**X**’এর পিতামহ।

**প্রশ্ন.9d, প্রশ্ন.10d এবং প্রশ্ন.11d - সম্পর্কের প্রমাণ সাপেক্ষে ‘B’ তালিকাভুক্ত নথির ক্রমিক নম্বর ঃ** প্রশ্ন.**9c** বা প্রশ্ন.**10c** বা প্রশ্ন.**11c** তে ঘোষিত সর্ম্পক প্রমাণের জন্য দাখিল করা নথিগুলোর সবিশেষ এখানে উল্লেখ করতে হবে। সম্পর্কের প্রমাণসাপেক্ষে অনুমোদিত নথির ব্যাখ্যামূলক তালিকা আবেদনপত্রের ‘**C**’ পৃষ্ঠার নীচে ‘**B**’ তালিকা হিসাবে দেওয়া হয়েছে, যা থেকে যে কোন একটি নথি নির্বাচন করা যাবে। ‘**B**’ তালিকাটি কেবল নির্দেশাত্মক। (১) পরিবারের সদস্যের নাম এবং (২) তার পিতৃ / মাতৃ বা পূর্বপুরুষের সংগে স্পষ্টভাবে যোগসূত্র স্থাপন করতে বিধিসম্মত যে কোন নথি দাখিল করতে পারবেন। নথি প্রদানকারী কর্তৃপক্ষের সংগে থাকা মূল নথির সংগে এধরণের নথিগুলো মিলিয়ে পরীক্ষা করা হবে। এধরণের নথি যে কোন তারিখে প্রদান করা হতে পারে এবং এর সংগে ১৯৭১ সনের ২৪ মার্চের (মধ্যরাত্রি) কোন প্রাসঙ্গিকতা নেই। বিবাহিত মহিলার ক্ষেত্রে প্রশ্ন 9a বা প্রশ্ন10a বা প্রশ্ন11a র উত্তরে নাম উল্লেখ করা ব্যক্তির সংগে সম্পর্ক থাকাটা অন্যান্য নথির সাহায্যে সাব্যস্ত হলে চক্র আধিকারীক/গ্রাম পঞ্চায়েতের সচিব দ্বারা প্রদান করা প্রমাণপত্র দাখিল করাটা বাধ্যতামূলক নয়। উল্লেখযোগ্য যে আবেদনপত্রের সংগে নথি-পত্রের ফটোকপিই সংলগ্ন করতে হবে। মূল নথিসমূহ ক্ষেত্রভিত্তিক পরীক্ষণের সময় কর্তৃপক্ষকে দেখাতে হবে। দাখিল করা নথিসমূহ স্ব-প্রত্যায়িত হতে হবে।

## ‘D’ পৃষ্ঠা পূরণ করার সহজ উপায়

**আবেদনপত্রে আবেদকারীর ক্রমিক নম্বর ঃ** সাধারণতঃ পরিবারের মুরব্বী আনুগত্যের শপথনামায় স্বাক্ষর করবেন এবং সেক্ষেত্রে আবেদনপত্রের ‘**D**’ পৃষ্ঠার ‘আবেদনপত্র পূরণের জন্য নির্দেশনা’ শিরোনামের নীচে থাকা বাক্সে “আবেদনপত্রে উল্লেখ করা মত আবেদনকারীর ক্রমিক নম্বর” স্তম্ভে ‘**1**’ লিখতে হবে। মাত্র অপরিহার্য পরিস্থিতিতেই পরিবারের মুরব্বী ছাড়া অন্য কোন সদস্য পরিবারের হয়ে আবেদনপত্র দাখিল করতে পারবেন এবং সেক্ষেত্রে আনুগত্যের শপথনামায় সেই সদস্যকে স্বাক্ষর করতে হবে এবং বাক্সের নির্দিষ্ট স্থানে উক্ত সদস্যের ক্রমিক নম্বরটি লিখতে হবে।

**অতিরিক্ত আবেদনপত্রে পরিবারের তথ্য দেওয়ার কাজ অব্যাহত থাকলে ‘C’ লিখতে হবে ঃ**

‘**A**’ পৃষ্ঠায় ইতিমধ্যে উল্লেখ করা মত যদি পরিবারে **6** (ছয়)জন থেকে অধিক সদস্য আছে, তা হলে, সেই পরিবারের জন্য অতিরিক্ত আবেদনপত্র ব্যবহার করতে হবে। এক্ষেত্রে অতিরিক্ত আবেদনপত্র ব্যবহার করার ক্ষেত্রে ‘**D**’ পৃষ্ঠার বাক্সের নির্দিষ্ট স্থানে ‘**C**’ লিখতে হবে।

**মোট আবেদনপত্রের সংখ্যা ঃ** এই স্থানে একটি পরিবার দ্বারা ব্যবহৃত এবং জমা দেওয়া মোট আবেদনপত্রের সংখ্যার উল্লেখ করতে হবে। উদাহরণস্বরূপে, **10** (দশ) জন সদস্য থাকা পরিবারের জন্য **2** (দুটি) আবেদনপত্রের প্রয়োজন হবে। এক্ষেত্রে নির্দিষ্ট স্থানে **2** (দুই) সংখ্যাটি উল্লেখ করতে হবে।

**“(একমাত্র কার্যালয়ের ব্যবহারের জন্য)” হিসাবে নির্দেশিত বাক্সের ভেতরের তথ্য NRC কর্তৃপক্ষের দ্বারা পূরণ করা হবে, আবেদনকারীর দ্বারা নয়।**

যেসব নথিপত্র আবেদনপত্রের সংগে সংলগ্ন করা হবে সেগুলো আবেদনপত্রের সংগে পরিষ্কার ‘ট্যাগ’ দ্বারা যত্নের সংগে গেঁথে দেওয়ার জন্য আবেদনপত্রের ওপরের বা-দিকের কোণে মাটি রঙের চিহ্নিত স্থানের ব্যবহার করতে হবে।

**আবেদনপত্র পূরণ করার জন্য অধিক সহায়তার প্রয়োজন হলে আপনার মনোনীত এন আর সি সেবা কেন্দ্রে (NSK) যেতে হবে বা আমাদের টোল ফ্রি হেল্পলাইন 15107 নম্বরে ফোন করুন।**